## এক নজরে বিইপিআরসি:

সম্ভাব্য স্বল্প সময়ে বাংলাদেশে টেকসই উন্নয়ন নিশ্চিত করতে জ্বালানি ও বিদ্যুৎ খাতে নিম্নলিখিত চ্যালেঞ্জসমূহ মোকাবেলা করা অপরিহার্য:

- জীবাশ্ম জ্বালানি-ভিত্তিক শক্তির উপর নির্ভরতা কমানো এবং বিকল্প শক্তির অনুসন্ধান;
- ভূতাত্ত্বিক এবং ভূ-রাজনৈতিক বাস্তবতা সাপেক্ষে তেল এবং প্রাকৃতিক গ্যাস প্রাপ্তিতে জ্বালানি নিরাপত্তা সম্পর্কিত ধারনা ও মূল্যায়ন;
- জ্বালানি দক্ষতা এবং চাহিদা ব্যবস্থাপনার পাশাপাশি নির্ভরযোগ্য জ্বালানি সঞ্চয় ব্যবস্থাকে অন্তর্ভুক্ত করে স্মার্ট গ্রিডের প্রবর্তন;
- ক্লিন ইনার্জিকে অগ্রাধিকার প্রদান এবং
- প্রতিযোগিতামূলক জ্বালানি শক্তির বাজার সৃষ্টি।

বাংলাদেশের দ্রুত বর্ধনশীল অর্থনীতিকে শক্তিশালী করার নিমিত্ত সাশ্রয়ী ও টেকসই শক্তির নতুন সরবরাহ নিশ্চিত করার মাধ্যমে উল্লেখিত চ্যালেঞ্জসমূহ মোকাবেলা করার লক্ষ্যেই বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল গঠন করা হয়। গবেষণা এবং উন্নয়নের মাধ্যমে জ্বালানি ও বিদ্যুৎ খাতে প্রযুক্তিগত উদ্ভাবন আনার পাশাপাশি জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে **"বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল আইন, ২০১৫"** প্রণয়নের পর কাউন্সিল তার কার্যক্রম শুরু করে।

## রূপকল্প (Vision):

জ্বালানি ও বিদ্যুৎ খাতে পরিবেশবান্ধব টেকসই উন্নয়ন।

## অভিলক্ষ্য (Mission):

জ্বালানি ও বিদ্যুৎ খাতে প্রযুক্তির উৎকর্ষ সাধন ও নতুন প্রযুক্তির উদ্ভাবন।

## কাউন্সিলের মূলমন্ত্র: ইনোভেশন, ইনকিউবেশন এবং অন্ট্রাপ্রনারশিপ ($I^2E$)

- **ইনোভেশন:** দেশের জ্বালানি ও বিদ্যুৎ খাতের চাহিদা অনুযায়ী উদ্ভাবনী প্রযুক্তি নির্ভর সমাধানসমূহ (Innovative Solutions) সংগ্রহ করা;
- **ইনকিউবেশন:** উদ্ভাবনী প্রযুক্তির পরীক্ষণ, পরিবীক্ষণ ও বাস্তবায়নের নিমিত্ত একটা নির্দিষ্ট সময় পর্যন্ত যথাযথ পরিচর্যা বা উৎসাহ দানের (Incubation) লক্ষ্যে উদ্যোক্তাদের (Entrepreneurs) জন্য প্রয়োজনীয় আর্থিক অনুদান ও গবেষণার স্থান নির্ধারণ করা;
- **অন্ট্রাপ্রনারশিপ:** সফল উদ্ভাবনী প্রযুক্তির বাজারজাত করার লক্ষ্যে দেশী বা বিদেশী বিনিয়োগকারীদের সংগে উদ্যোক্তাদের সংযোগ স্থাপন করতে সহযোগিতা করা।

## বিইপিআরসির লক্ষ্য:

- দেশের জ্বালানি ও বিদ্যুৎ খাতে গবেষণার অপরিহার্যতা তুলে ধরতে একটি আন্তর্জাতিক মানের অনলাইনবেইজ সেবা কেন্দ্র বা ওয়েব পোর্টাল গড়ে তোলা উক্ত পোর্টালের মাধ্যমে জ্বালানি ও বিদ্যুৎ খাতের চাহিদা পূরণের জন্য আকর্ষণীয় উদ্ভাবনী সমাধানসমূহ সংগ্রহ করা;
- দেশের জ্বালানি ও বিদ্যুৎ খাতের অবকাঠামোগত চাহিদা অনুযায়ী অভ্যন্তরীণ গবেষণা কার্যক্রমের সামর্থ্যকে অধিকতর শক্তিশালী ও সুদৃঢ়করণ;
- গবেষণা সহায়তা প্রদানের জন্য প্রশাসনিক ও আর্থিক সক্ষমতার উন্নয়নকরণ;
- গবেষণা মঞ্জুরী এবং বৃত্তি কার্যক্রমে অর্থায়ন, সমন্বয় এবং পরিবীক্ষণ;
- গ্রাহকের চাহিদা মোতাবেক যথাযথ প্রযুক্তি উদ্ভাবনে সহায়তাকরণ এবং
- গবেষণা হতে প্রাপ্ত ফলাফল জনসাধারণের মাঝে প্রচার করণ।

**কাউন্সিলের কার্যবালি:**

- জাতীয় প্রয়োজনের প্রতি লক্ষ্য রেখে বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী গবেষণা পরিকল্পনা প্রণয়ন সমন্বয়, পরিবীক্ষণ ও মূল্যায়ন;
- কাউন্সিল এর বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন;
- সরকার অনুমোদিত গবেষণা প্রতিষ্ঠানকে বিদ্যুৎ ও জ্বালানির দক্ষ ব্যবহার সংক্রান্ত প্রায়োগিক গবেষণাকাজে আর্থিক বরাদ্দ প্রদান এবং সমন্বয় সাধন;
- বিদ্যুৎ ও জ্বালানি খাতে বিদ্যমান প্রযুক্তির উন্নয়ন, উৎকর্ষতা সাধন ও নতুন প্রযুক্তি উদ্ভাবন;
- গবেষণালব্ধ ফলাফল ও এর প্রয়োগ সম্পর্কে সংশ্লিষ্টদের অবহিত করার উদ্দেশ্যে সেমিনার, সিম্পোজিয়াম বা কর্মশালার আয়োজন এবং এতদসংশ্লিষ্ট প্রকাশনা প্রনয়ণ;
- এ খাতে বিদ্যমান সমস্যাসমূহ চিহ্নিতকরণ এবং এর নিরসনে করণীয় সম্পর্কে সরকারকে পরামর্শ প্রদান;
- বিশ্ববিদ্যালয়ে গবেষণাগার স্থাপনসহ এতে সংশ্লিষ্টদের সক্ষমতা বৃদ্ধি;
- কাউন্সিলের বাজেট প্রস্তাব অনুমোদনসহ বিদ্যুৎ ও জ্বালানি সম্পর্কিত গবেষণা পরিকল্পনা প্রস্তাব পর্যালোচনা ও গবেষণা কার্যক্রম পরিচালনা;
- বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক দেশীয় ও আন্তর্জাতিক পর্যায়ের গবেষক ও গবেষণা প্রতিষ্ঠানের সাথে সমন্বয় সাধন;
- সরকারের পূর্বানুমোদনক্রমে, যে কোন ব্যক্তি বা সংস্থার সাথে চুক্তি সম্পাদন; এবং
- কাউন্সিলের আইনের উদ্দেশ্য পূরণকল্পে বিধি, প্রবিধান দ্বারা বা সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত অন্যান্য দায়িত্ব পালন।

**সাম্প্রতিক বছরসমূহের প্রধান অর্জনসমূহ:**

- বিইপিআরসি'র গবেষণা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে BEPRC Innovation Guideline-2023, Incubation, Entrepreneurship এবং BEPRC Lab Financing Guideline প্রণয়ন। এছাড়া জাতীয় গবেষণাগার স্থাপনের লক্ষ্যে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের সাথে বিইপিআরসি'র সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। এর আলোকে একটি Agreement প্রস্তুত করা হয়েছে। যা অনুমোদনের জন্য বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা হয়েছে।
- ০৮ টি গবেষণা প্রকল্পে অর্থায়ন করা হয়েছে।
- ইডকল ও বিইপিআরসি'র যৌথ অর্থায়নে Solar Irrigation এবং বুয়েট এর EEE বিভাগের সাথে BEMS প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে।
- আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ এর পদার্থ বিজ্ঞান বিভাগের নিউক্লিয়ার রিসার্চ সেন্টার আধুনিকায়নের উদ্দেশ্যে ০১ (এক) টি গাইগার মূলার কাউন্টার (G.M. Counter) স্থাপন করা হয়েছে।
- বুয়েটের EEE বিভাগের Power System Lab এর সুযোগ সুবিধা বৃদ্ধি ও আধুনিকায়নে Modern Power System Simulator সফটওয়্যার ক্রয়ে আর্থিক অনুদান প্রদান করা হয়েছে।
- "বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিলের কর্মচারী চাকরি প্রবিধানমালা-২০২১" প্রণয়ন করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

**সমস্যাসমূহ:**
প্রোগ্রাম সলিসিটেশনে নিয়মিতভাবে পর্যাপ্ত মানসম্মত প্রকল্প প্রস্তাব প্রাপ্তি;

**চ্যালেঞ্জসমূহ:**

- জাতীয় ও আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন গবেষক ও বিজ্ঞানীদের বিদ্যুৎ ও জ্বালানি সংক্রান্ত গবেষণা কাজে সম্পৃক্তকরণ;
- গবেষণায় ব্যবহৃত যন্ত্রপাতি ক্রয়ে প্রকল্প বাস্তবায়নকারী প্রতিষ্ঠানের দীর্ঘসুত্রিতা;

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

- জাতীয় এবং আন্তর্জাতিক গবেষণা প্রতিষ্ঠানের সাথে ঘনিষ্ঠ সম্পর্ক বজায় রাখা;
- কাউন্সিল কর্তৃক তহবিলের যে কোন গবেষণার ফলাফল সম্পর্কে পেটেন্ট বিষয়সমূহ নিশ্চিতকরণ;
- ওয়েব পোর্টালের মাধ্যমে গবেষণা কাজ সমন্বয়, নিরীক্ষণ ও মূল্যায়ন;
- সম্ভাবনাময় সমাপ্ত উদ্ভাবনী প্রকল্পগুলোকে ইনকিউবেশনের আওতায় আনয়ন;
- দেশে -বিদেশে অবস্থানরত বিশেষজ্ঞদের গবেষণায় সম্পৃক্তকরণ;
- সরকার অনুমোদিত বিশ্ববিদ্যালয়সমূহে সেমিনার আয়োজন এবং BEPRC এর কার্যক্রম অবহিতকরণ;

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক প্রায়োগিক গবেষণা প্রকল্পে গবেষণা মঞ্জুরী প্রদান;
- গবেষণা কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য ওয়েব পোর্টাল হালনাগাদকরণ;
- দেশে এবং বিদেশে অবস্থানরত বাংলাদেশী গবেষকদের হালনাগাদকৃত তালিকা প্রণয়ন এবং
- বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠানের গবেষণাগার স্থাপন ও উন্নয়নে অর্থায়ন।

## বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (বিইপিআরসি)
## সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন'স চার্টার)

**নাগরিক সেবা:**

| ক্রমিক | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবামূল্য ও পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১ | বিদ্যুৎ ও জ্বালানি সংশ্লিষ্ট প্রায়োগিক গবেষণার জন্য গবেষণা মঞ্জুরি প্রদান | বিইপিআরসি'র ওয়েব পোর্টাল সার্বক্ষণিক উন্মুক্ত (Aways Open) রাখা হয়েছে যাতে যে কোন সময় কাউন্সিলে গবেষণা প্রস্তাব দাখিল করা যায়। প্রতিমাসের প্রথম কার্যদিবসে পূর্ববর্তী মাসে দাখিলকৃত গবেষণা প্রস্তাব মূল্যায়নের কার্যক্রম শুরু হয়। দাখিলকৃত প্রস্তাবসমূহ মাসভিত্তিক মূল্যায়নের জন্য প্রথমে Screening কমিটির নিকট প্রেরণ করা হয়। Screening কমিটি কর্তৃক প্রাথমিকভাবে নির্বাচিত প্রস্তাবসমূহ রিভিউয়ারদের নিকট প্রেরণ করা হয়। রিভিউয়ার কর্তৃক মূল্যায়নের পর উত্তীর্ণ প্রস্তাবসমূহ নিগোসিয়েশন কমিটির নিকট প্রেরণ করা হয়। নিগোসিয়েশন কমিটির সুপারিশকৃত প্রকল্প প্রস্তাব সমূহ পরিচালনা পর্ষদের অনুমোদনের জন্য প্রেরণ করা হয়। পরবর্তীতে বিদ্যুৎ বিভাগ কর্তৃক চূড়ান্ত অনুমোদনের পর সংশ্লিষ্ট প্রকল্পের পিআই-দের সাথে কাউন্সিলের চুক্তি স্বাক্ষর করা হয়। | বিইপিআরসির ওয়েবপোর্টাল (https://i2elf.eprc.gov.bd/) এ নির্ধারিত কাঠামোতে গবেষণা প্রস্তাব দাখিল করতে হয় এবং BEPRC Innovation Guidline-2023 মোতাবেক প্রয়োজনীয় কাগজপত্রাদি গবেষণা প্রস্তাবের সাথে দাখিল করতে হয়।<br><br>প্রয়োজনীয় কাগজপত্রাদি নিম্নরূপঃ<br>(১) Authorized Organization Representative Certificate<br>(২) Organization Support letter<br>(৩) No-Objection Certificate<br>(৪) Letter of Consent for Piloting<br>(৫) Letter of Consent for Project Hand-Over (As Per BEPRC Innovation Guidline-2023)<br>৬) Declarations(As Per BEPRC Innovation Guidline-2023) | বিনামূল্যে | প্রোগ্রাম সলিসিটেশনে বর্ণিত শর্ত মোতাবেক | ড. হাছান মাহমুদ<br>পরিচালক (ইনোভেশন)<br>ফোন নম্বরঃ ০২-৫৫১১০৩১৫<br>মোবাইলঃ ০১৭১২০৬৮৭৫৪<br>ই-মেইলঃ<br>director.inno@eprc.gov.bd |

**প্রাতিষ্ঠানিক সেবা:**

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবামূল্য ও পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১ | বিদ্যুৎ বিভাগ কর্তৃক চাহিত তথ্য সরবরাহ/ প্রতিবেদন প্রেরণ | বিদ্যুৎ বিভাগ কর্তৃক প্রেরিত নির্ধারিত ছক ও চাহিদা মোতাবেক | বিদ্যুৎ বিভাগ কর্তৃক প্রেরিত নির্ধারিত ছক/ কাউন্সিলের নির্ধারিত কাঠামো মোতাবেক<br><br>প্রাপ্তিস্থানঃ উপ-পরিচালক (মানবসম্পদ উন্নয়ন ও জনসংযোগ) এর দপ্তর | বিনামূল্যে | চাহিদা মোতাবেক | মোহাম্মদ মিজানুর রহমান ভূইয়া<br>পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>ফোন নম্বরঃ ০২- ৫৫১১০৩১7<br>ই-মেইলঃ<br>director.adfi@eprc.gov.bd |
| ২ | দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে সেমিনার/ কর্মশালা আয়োজন | সেমিনার/কর্মশালা আয়োজনকারী বা আয়োজনে ইচ্ছুক বিশ্ববিদ্যালয় কর্তৃক কাউন্সিল বরাবর সম্ভাব্য বাজেটসহ প্রস্তাব প্রেরণ করা হয়। প্রেরিত প্রস্তাবটি কাউন্সিল কর্তৃক পর্যালোচনার পর বিশ্ববিদ্যালয়কে অনুমোদন প্রদান করা হয়। | কাউন্সিল কর্তৃক নির্ধারিত চাহিদা ও প্রস্তাব মোতাবেক<br><br>প্রাপ্তিস্থানঃ পরিচালক (ইনোভেশন) এর দপ্তর | বিনামূল্যে | চাহিদা মোতাবেক | ড. হাছান মাহমুদ<br>পরিচালক (ইনোভেশন)<br>ফোন নম্বরঃ ০২-৫৫১১০৩১৫<br>মোবাইলঃ ০১৭১২০৬৮৭৫৪<br>ই-মেইলঃ<br>director.inno@eprc.gov.bd |
| ৩ | মধ্যমেয়াদি বাজেট কাঠামো প্রণয়ন ও হালনাগাদকরণ | নির্দিষ্ট ফর্ম পূরণ করে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা হয়। | অর্থ বিভাগ কর্তৃক প্রেরিত বাজেট সার্কুলার-১ ও বাজেট সার্কুলার-২ অনুযায়ী নির্দিষ্ট ফর্ম মোতাবেক।<br><br>প্রাপ্তিস্থানঃ উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর | বিনামূল্যে | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত সময়সীমা | মোহাম্মদ আবু সাইদ<br>উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>ফোন নম্বরঃ ০২-৫৫১১০৩২২<br>মোবাইলঃ ০১৭০৮১৪৩১৪৩<br>ই-মেইলঃ<br>dd.adfi@eprc.gov.bd |
| ৪ | সংশোধিত বাজেট প্রণয়ন | নির্দিষ্ট ফর্ম পূরণ করে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা হয়। | অর্থ বিভাগ কর্তৃক প্রেরিত বাজেট সার্কুলার-১ ও বাজেট সার্কুলার-২ অনুযায়ী নির্দিষ্ট ফর্ম মোতাবেক।<br><br>প্রাপ্তিস্থানঃ উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর | বিনামূল্যে | ৪ মাস (ডিসেম্বর-মার্চ পর্যন্ত) | মোহাম্মদ আবু সাইদ<br>উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>ফোন নম্বরঃ ০২-৫৫১১০৩২২<br>মোবাইলঃ ০১৭০৮১৪৩১৪৩<br>ই-মেইলঃ<br>dd.adfi@eprc.gov.bd |

## অভ্যন্তরীণ সেবা:

| ক্রমিক | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবামূল্য ও পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১ | কর্মকর্তা-কর্মচারীদের অর্জিত, শ্রান্তি বিনোদন ও অন্যান্য ছুটি | ছুটির হিসাবসহ আবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সেবা প্রত্যাশীকে পত্রমারফত/ইমেইলে জানিয়ে দেয়া হয়। | (ক) সাদা কাগজে আবেদন।<br>(খ) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নির্ধারিত ফর্মে ছুটির হিসাব।<br>প্রাপ্তিস্থানঃ নির্ধারিত ফর্মসমূহ হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়ে পাওয়া যাবে। | বিনামূল্যে | ০৩ (তিন) কার্যদিবস | মোহাম্মদ আবু সাইদ<br>উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>ফোন নম্বরঃ ০২-৫৫১১০৩২২<br>মোবাইলঃ ০১৭০৮১৪৩১৪৩<br>ই-মেইলঃ<br>dd.adfi@eprc.gov.bd |
| ২ | কর্মকর্তা-কর্মচারীদের বহিঃ বাংলাদেশ ছুটি | পূর্বের বহিঃবাংলাদেশ ছুটির হিসাবসহ আবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সেবা প্রত্যাশীকে পত্রমারফত/ইমেইলে জানিয়ে দেয়া হয়। | (ক) সাদা কাগজে আবেদন।<br>(খ) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নির্ধারিত ফর্মে ছুটির হিসাব।<br>প্রাপ্তিস্থানঃ নির্ধারিত ফর্মসমূহ হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়ে পাওয়া যাবে। | বিনামূল্যে | ০৩ (তিন) কার্যদিবস | মোহাম্মদ আবু সাইদ<br>উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>ফোন নম্বরঃ ০২-৫৫১১০৩২২<br>মোবাইলঃ ০১৭০৮১৪৩১৪৩<br>ই-মেইলঃ<br>dd.adfi@eprc.gov.bd |
| ৩ | কর্মকর্তা-কর্মচারীদের বিদেশ ভ্রমণের বিল, অগ্রিম, অগ্রিমের সমন্বয় ইত্যাদি | দাখিলকৃত বিল যাচাই-বাছাইপূর্বক সি,এ,ও অফিসে প্রেরণ করা হয়। | (ক) বিল<br>(খ) সরকারি আদেশ<br>(গ) ভ্রমণ বিবরণী<br>(ঘ) যাতায়াত ও আবাসনের স্বপক্ষে প্রমাণক<br>প্রাপ্তিস্থানঃ উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) | বিনামূল্যে | ০৭ (সাত) কর্মদিবস | মোহাম্মদ আবু সাইদ<br>উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>ফোন নম্বরঃ ০২-৫৫১১০৩২২<br>মোবাইলঃ ০১৭০৮১৪৩১৪৩<br>ই-মেইলঃ<br>dd.adfi@eprc.gov.bd |
| ৪ | পাসপোর্টের জন্য অনাপত্তি প্রদান | নির্ধারিত এন,ও,সি ফর্মসহ আবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সেবা প্রত্যাশীকে পত্রমারফত/ইমেইলে জানিয়ে দেয়া হয়। | (ক) নবায়নের ক্ষেত্রে পূর্বের পাসপোর্টের কপি<br>(খ) নতুনের ক্ষেত্রে আবেদনকারী (দের) এন আই ডি'র কপি<br>প্রাপ্তিস্থানঃ সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ) ও ওয়েবসাইট | বিনামূল্যে | ০৩ (তিন) কর্মদিবস | মোহাম্মদ আবু সাইদ<br>উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>ফোন নম্বরঃ ০২-৫৫১১০৩২২<br>মোবাইলঃ ০১৭০৮১৪৩১৪৩<br>ই-মেইলঃ<br>dd.adfi@eprc.gov.bd |
| ৫ | কর্মকর্তা-কর্মচারীদের গৃহ নির্মাণ/যানবাহন/কম্পিউটার ক্রয় সংক্রান্ত সরকারি ঋণ | আবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সেবা প্রত্যাশীকে পত্রমারফত/ইমেইলে জানিয়ে দেয়া হয়। | (ক)ঋণের আবেদনপত্র<br>(খ) ব্যয়ের বিবরণী<br>প্রাপ্তিস্থানঃ উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) | বিনামূল্যে | ০৭ (সাত) কর্মদিবস | মোহাম্মদ আবু সাইদ<br>উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>ফোন নম্বরঃ ০২-৫৫১১০৩২২<br>মোবাইলঃ ০১৭০৮১৪৩১৪৩<br>ই-মেইলঃ<br>dd.adfi@eprc.gov.bd |
| ৬ | কর্মকর্তা-কর্মচারীদের জিপিএফ, জিপিএফ থেকে ঋণ ইত্যাদি | আবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সেবা প্রত্যাশীকে পত্রমারফত/ইমেইলে জানিয়ে দেয়া হয়। | (ক) আবেদনপত্র<br>(খ) জিপিএফ'র বিবরণী<br>প্রাপ্তিস্থানঃ নির্ধারিত ফর্মসমূহ হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়ে পাওয়া যাবে। | বিনামূল্যে | ০৭ (সাত) কর্মদিবস | মোহাম্মদ আবু সাইদ<br>উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>ফোন নম্বরঃ ০২-৫৫১১০৩২২<br>মোবাইলঃ ০১৭০৮১৪৩১৪৩<br>ই-মেইলঃ<br>dd.adfi@eprc.gov.bd |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৭ | কল্যাণ তহবিল | নির্ধারিত ফর্মে আবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অগ্রায়ণ করে সেবা প্রত্যাশীকে পত্র মারফত/ইমেইলে জানিয়ে দেয়া হয়। | সরকারী নীতিমালা অনুযায়ী।<br><br>প্রাপ্তিস্থানঃ উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) ও বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড | বিনামূল্যে | ০৫ (পাঁচ) কর্মদিবস | মোহাম্মদ আবু সাইদ<br>উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>ফোন নম্বরঃ ০২-৫৫১১০৩২২<br>মোবাইলঃ ০১৭০৮১৪৩১৪৩<br>ই-মেইলঃ<br>dd.adfi@eprc.gov.bd |
| ৮ | কর্মকর্তা-কর্মচারীদের অবসরভাতা, আনুতোষিক ও পারিবারিক অবসরভাতা মঞ্জুরী প্রদান | নির্ধারিত ফর্মে আবেদন প্রাপ্তির পর যাচাই-বাছাইপূর্বক কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সেবা প্রত্যাশীকে পত্র মারফত/ইমেইলে জানিয়ে দেয়া হয়। | সরকারী নীতিমালা অনুযায়ী।<br><br>প্রাপ্তিস্থানঃ উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) | বিনামূল্যে | ৩০ (ত্রিশ) কর্মদিবস | মোহাম্মদ আবু সাইদ<br>উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>ফোন নম্বরঃ ০২-৫৫১১০৩২২<br>মোবাইলঃ ০১৭০৮১৪৩১৪৩<br>ই-মেইলঃ<br>dd.adfi@eprc.gov.bd |
| ৯ | কর্মকর্তাদের যাতায়াত সেবা | আবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সেবা প্রত্যাশীকে পত্রমারফত/ইমেইলে জানিয়ে দেয়া হয়। | যানবাহন ব্যবহারের নীতিমালা অনুযায়ী।<br><br>প্রাপ্তিস্থানঃ উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) | বিনামূল্যে | ০৩ (তিন) কর্মদিবস | মোহাম্মদ আবু সাইদ<br>উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>ফোন নম্বরঃ ০২-৫৫১১০৩২২<br>মোবাইলঃ ০১৭০৮১৪৩১৪৩<br>ই-মেইলঃ<br>dd.adfi@eprc.gov.bd |
| ১০ | বিভিন্ন ষ্টেশনারী দ্রব্যাদি সরবরাহ | চাহিদা প্রাপ্তির পর কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সরবরাহ করা হয়। | চাহিদা অনুযায়ী সরাসরি<br><br>প্রাপ্তিস্থানঃ উপ পরিচালক (প্রশাসন ও অর্থ) | বিনামূল্যে | ০৩ (তিন) কর্মদিবস | মোহাম্মদ আবু সাইদ<br>উপ পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>ফোন নংঃ ০২-৫৫১১০৩২২<br>মোবাইলঃ ০১৭০৮১৪৩১৪৩<br>ইমেইলঃ<br>dd.adfi@eprc.gov.bd |
| ১১ | কম্পিউটার, আইসিটি সামগ্রী সরবরাহ ও মেরামত | চাহিদা প্রাপ্তির পর কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সরবরাহ/মেরামত করার ব্যবস্থা করা হয়। | চাহিদা অনুযায়ী সরাসরি<br><br>প্রাপ্তিস্থানঃ সহকারী প্রোগ্রামার, বিইপিআরসি | বিনামূল্যে | ০৭ (সাত) কর্মদিবস | সাদ্দাম হোসেন QA1<br>সহকারী প্রোগ্রামার, বিইপিআরসি<br>মোবাইল নম্বরঃ ০১৮৬৩-৯০৩২৯১<br>ইমেইলঃ<br>ap@eprc.gov.bd |
| ১২ | কর্মকর্তা-কর্মচারীদের আইটি সেবা, কম্পিউটার হার্ডওয়্যার-সফটওয়ার, ল্যান, ইন্টারনেট, ইমেইল সেবা প্রদান | চাহিদা মোতাবেক সেবা প্রদান করা হয় । | চাহিদা অনুযায়ী সরাসরি<br><br>প্রাপ্তিস্থানঃ সহকারী প্রোগ্রামার, বিইপিআরসি | বিনামূল্যে | ০১ (এক) কর্মদিবস | সাদ্দাম হোসেন<br>সহকারী প্রোগ্রামার, বিইপিআরসি<br>মোবাইল নম্বরঃ ০১৮৬৩-৯০৩২৯১<br>ইমেইলঃ<br>ap@eprc.gov.bd |
| ১৩ | দাপ্তরিক টেলিফোন বরাদ্দ/সংযোগ স্থাপন/স্থানান্তর/বিচ্ছিন্নকরণ | চাহিদা প্রাপ্তির পর প্রাধিকার অনুযায়ী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সেবা প্রদান করা হয়। | সরকারী নীতিমালা অনুযায়ী<br><br>প্রাপ্তিস্থানঃ সহকারী প্রোগ্রামার, বিইপিআরসি | বিনামূল্যে | ১৫ (পনের) কর্মদিবস | সাদ্দাম হোসেন<br>সহকারী প্রোগ্রামার, বিইপিআরসি<br>মোবাইল নম্বরঃ ০১৮৬৩-৯০৩২৯১<br>ইমেইলঃ<br>ap@eprc.gov.bd |

## আপনার (সেবা গ্রহীতার) কাছে আমাদের (সেবা প্রদানকারীর) প্রত্যাশা:

| ক্রমিক নং | প্রতিশ্রুত/কাঙ্ক্ষিত সেবা প্রাপ্তির লক্ষ্যে করণীয় |
|---|---|
| ১ | নির্ধারিত ফরমে/কাঠামোতে সম্পূর্ণভাবে পূরণকৃত আবেদন জমা প্রদান |
| ২ | নির্ধারিত ফরমে/কাঠামোতে সম্পূর্ণভাবে পূরণকৃত প্রস্তাব দাখিল |
| ৩ | আবেদন/প্রস্তাব দাখিল করার সময় প্রয়োজনীয় কাগজপত্রাদি দাখিল |
| ৪ | সাক্ষাতের জন্য নির্ধারিত সময়ের পূর্বেই উপস্থিত থাকা |

## অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি (GRS):

সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংগে যোগাযোগ করুন। তিনি সমাধান দিতে ব্যর্থ হলে নিম্নোক্ত পদ্ধতিতে যোগাযোগ করে আপনার সমস্যা অবহিত করুন।

| ক্রমিক | কখন যোগাযোগ করবেন | কার সঙ্গে যোগাযোগ করবেন | যোগাযোগের ঠিকানা | নিষ্পত্তির সময়সীমা |
|---|---|---|---|---|
| ১ | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে ব্যর্থ হলে | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) | সদস্য (ইনোভেশন), বিইপিআরসি<br>ফোনঃ ০২-৫৫১১০৩১৩<br>ইমেইল: member.inno@eprc.gov.bd<br>ওয়েবসাইট: www.eprc.gov.bd | ৩০ কর্মদিবস |
| ২ | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে ব্যর্থ হলে | আপিল কর্মকর্তা | চেয়ারম্যান (সিনিয়র সচিব), বিইপিআরসি<br>ফোনঃ ০২-৫৫১১০৩১০<br>ইমেইল: chairman@eprc.gov.bd<br>ওয়েবসাইট: www.eprc.gov.bd | ২০ কর্মদিবস |
| ৩ | আপিল কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে ব্যর্থ হলে | মন্ত্রিপরিষদ বিভাগের অভিযোগ ব্যবস্থাপনা সেল | অভিযোগ গ্রহণ কেন্দ্র<br>৫ নম্বর গেইট, বাংলাদেশ সচিবালয় ঢাকা<br>ওয়েব সাইট : www.grs.gov.bd | ৬০ কর্মদিবস |

## কাউন্সিলে কর্মরত কর্মকর্তাদের তালিকা:

| চেয়ারম্যানের দপ্তর | | | | | |
|---|---|---|---|---|---|
| ১ |  | নাম | মোহাম্মদ ওয়াহিদ হোসেন *এনডিসি* | | |
| | | পদবী | চেয়ারম্যান (সিনিয়র সচিব) | ফোন (অফিস) | ০২-৫৫১১০৩১১ |
| | | অফিস | বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (বিইপিআরসি) | ইন্টারকম | ১০১ |
| | | ইমেইল | chairman@eprc.gov.bd | মোবাইল | ০১৭০৩৯৯১৪৮৯ |
| ২ |  | নাম | মোহাম্মদ মিজানুর রহমান ভূইয়া | | |
| | | পদবী | কাউন্সিল সচিব (যুগ্মসচিব) অঃ দাঃ | ফোন (অফিস) | ০২-৫৫১১০৩১৭ |
| | | অফিস | বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (বিইপিআরসি) mizan15115@gmail.com | ইন্টারকম | ১১৫ |
| | | ইমেইল | council.secretary@eprc.gov.bd | মোবাইল | ০১৭১২০৩৭৪৩৬ |
| ৩ | | নাম | | | |
| | | পদবী | চেয়ারম্যানের একান্ত সচিব | ফোন (অফিস) | ০২-৫৫১১০৩১৪ |
| | | অফিস | বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (বিইপিআরসি) | ইন্টারকম | ১১২ |
| | | ইমেইল | ps2chairman@eprc.gov.bd | | |

## প্রশাসন ও অর্থ শাখা

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১ |  | নাম | মোঃ রিজওয়ানুল হুদা | | |
| | | পদবী | সদস্য (প্রশাসন ও অর্থ) | ফোন (অফিস) | ০২-৫৫১১০৩২৪ |
| | | অফিস | বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (বিইপিআরসি) | ইন্টারকম | ১০৬ |
| | | ইমেইল | member.adfi@eprc.gov.bd | মোবাইল | ০১৭২০০৩৯৬৮১ |
| ২ |  | নাম | মোহাম্মদ মিজানুর রহমান ভূইয়া | | |
| | | পদবী | পরিচালক (প্রশাসন ও অর্থ) | ফোন (অফিস) | ০২-৫৫১১০৩১৭ |
| | | অফিস | বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (বিইপিআরসি) [mizan15115@gmail.com] | ইন্টারকম | ১১৫ |
| | | ইমেইল | director.adfi@eprc.gov.bd | মোবাইল | ০১৭১২০৩৭৪৩৬ |
| ৩ |  | নাম | মোহাম্মদ আবু সাইদ | | |
| | | পদবী | উপ পরিচালক (প্রশাসন ও অর্থ) | ফোন (অফিস) | ০২-৫৫১১০৩২২ |
| | | অফিস | বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (বিইপিআরসি) | ইন্টারকম | ১১৩ |
| | | ইমেইল | dd.adfi@eprc.gov.bd | মোবাইল | ০১৭৩০৩৩৫৩১০ |
| ৪ |  | নাম | সাদ্দাম হোসেন | | |
| | | পদবী | সহকারী প্রোগ্রামার | ফোন (অফিস) | ০২-৫৫১১০৩২৩ |
| | | অফিস | বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (বিইপিআরসি) | ইন্টারকম | ১১১ |
| | | ইমেইল | ap@eprc.gov.bd | মোবাইল | ০১৮৬৩-৯০৩২৯১ |

| ইনোভেশন শাখা | | | | | |
|---|---|---|---|---|---|
| ১ |  | নাম | মোঃ রিজওয়ানুল হুদা | | |
| | | পদবী | সদস্য (ইনোভেশন) অঃদাঃ | ফোন (অফিস) | ০২-৫৫১১০৩২৪ |
| | | অফিস | বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (বিইপিআরসি) | ইন্টারকম | ১০৬ |
| | | ইমেইল | member.inno@eprc.gov.bd | মোবাইল | ০১৭২০০৩৯৬৮১ |
| | | | | | |
| ২ |  | নাম | ড. হাছান মাহমুদ | | |
| | | পদবী | পরিচালক (ইনোভেশন) | ফোন (অফিস) | ০২-৫৫১১০৩১৫ |
| | | অফিস | বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (বিইপিআরসি) [ hmplus02@gmail.com ] | ইন্টারকম | ১২৪ |
| | | ইমেইল | director.inno@eprc.gov.bd | মোবাইল | ০১৭১২০৬৮৭৫৪ |
| | | | | | |
| ৩ |  | নাম | আজফার ইনতেহা | | |
| | | পদবী | উপ পরিচালক (ইনোভেশন) | ফোন (অফিস) | ০২-৫৫১১০৩২১ |
| | | অফিস | বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (বিইপিআরসি) [azfarinteha@gmail.com] | ইন্টারকম | ১১৪ |
| | | ইমেইল | dd.inno@eprc.gov.bd | মোবাইল | ০১৭০৮১৪৩১১৫ |
| | | | | | |

| ইনকিউবেশন শাখা | | | | | |
|---|---|---|---|---|---|
| ১ |  | নাম | মোঃ রিজওয়ানুল হুদা | | |
| | | পদবী | সদস্য (ইনকিউবেশন) অঃদাঃ | ফোন (অফিস) | ০২-৫৫১১০৩২৪ |
| | | অফিস | বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (বিইপিআরসি) | ইন্টারকম | ১০৬ |
| | | ইমেইল | member.incu@eprc.gov.bd | মোবাইল | ০১৭২০০৩৯৬৮১ |
| | | | | | |
| ২ |  | নাম | ড. হাছান মাহমুদ | | |
| | | পদবী | পরিচালক (ইনকিউবেশন) অঃ দাঃ | ফোন (অফিস) | ০২-৫৫১১০৩১৫ |
| | | অফিস | বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (বিইপিআরসি) [hmplus02@gmail.com] | ইন্টারকম | ১২৪ |
| | | ইমেইল | director.incu@eprc.gov.bd | মোবাইল | ০১৭১২০৬৮৭৫৪ |
| | | | | | |
| ৩ |  | নাম | আজফার ইনতেহা | | |
| | | পদবী | উপ-পরিচালক (ইনকিউবেশন) অঃদাঃ | ফোন (অফিস) | ০২-৫৫১১০৩২১ |
| | | অফিস | বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (বিইপিআরসি) [ azfarinteha@gmail.com ] | ইন্টারকম | ১১৪ |
| | | ইমেইল | dd.incu@eprc.gov.bd | মোবাইল | ০১৭০৮১৪৩১১৫ |

| অন্ট্রাপ্রনারশিপ শাখা | | | | | |
|---|---|---|---|---|---|
| ১ |  | নাম | মোঃ রিজওয়ানুল হুদা | | |
| | | পদবী | সদস্য (অন্ট্রাপ্রনারশিপ) | ফোন (অফিস) | ০২-৫৫১১০৩২৪ |
| | | অফিস | বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (বিইপিআরসি) | ইন্টারকম | ১০৬ |
| | | ইমেইল | member.entr@eprc.gov.bd | মোবাইল | ০১৭২০০৩৯৬৮১ |
| | | | | | |
| ২ |  | | ড. হাছান মাহমুদ | | |
| | | পদবী | পরিচালক (অন্ট্রাপ্রনারশিপ) অঃদাঃ | ফোন (অফিস) | ০২-৫৫১১০৩১৫ |
| | | অফিস | বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (বিইপিআরসি) [ hmplus02@gmail.com ] | ইন্টারকম | ১২৪ |
| | | ইমেইল | director.entr@eprc.gov.bd | মোবাইল | ০১৭১২০৬৮৭৫৪ |
| | | | | | |
| ৩ |  | নাম | আজফার ইনতেহা | | |
| | | পদবী | উপ-পরিচালক (অন্ট্রাপ্রনারশিপ) অঃদাঃ | ফোন (অফিস) | ০২-৫৫১১০৩২১ |
| | | অফিস | বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (বিইপিআরসি) [ azfarinteha@gmail.com ] | ইন্টারকম | ১১৪ |
| | | ইমেইল | dd.entr@eprc.gov.bd | মোবাইল | ০১৭০৮১৪৩১১৫ |
| | | | | | |

২৫/১০/২০২৪
সাদ্দাম হোসেন
সহকারী প্রোগ্রামার
বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল

Hasan Mahmud
২৫/১০/২৪
ড. হাছান মাহমুদ
পরিচালক (ইনোভেশন)
বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়

২৫/১০/২৪
মোহাম্মদ মিজানুর রহমান ভূইয়া
যুগ্মসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)
বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল